**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15-08-2025**
**Time: 08:00-08:15 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) দেশ আজ ৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন করছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দিল্লির ঐতিহাসিক লালকেল্লার প্রাকারে জাতীয় পতাকা উত্তোলন করেন।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দেশের যুবসমাজের জন্য প্রায় এক লক্ষ কোটি টাকার প্রধানমন্ত্রী বিকশিত ভারত রোজগার যোজনা চালু করার কথা ঘোষণা করেছেন।**

**(৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার আসাম রাইফেলস ময়দানে জাতীয় পতাকা উত্তোলন ও সমবেত কুচকাওয়াজ পরিদর্শন করেন।**

**(৪) যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় আজ বিকালে কৈলাশহরে "সন্তোষ দেবরায় স্মৃতি নক-আউট প্রাইজমানি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করেন।**

****************************************

**PM :**

দেশ আজ ৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন করছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দিল্লির ঐতিহাসিক লালকেল্লার প্রাকারে জাতীয় পতাকা উত্তোলন করেন। সম্মিলিত বাহিনীর অভিবাদন গ্রহণ করেন। প্রধানমন্ত্রী দেশবাসীর উদ্দেশ্যে বলেন, এই স্বাধীনতা দিবস আশা ও আকাঙ্ক্ষার উৎসব। তিনি বলেন, এই উপলক্ষ ১৪০ কোটি ভারতবাসীর সংকল্প এবং দেশের যৌথ অর্জনের গর্বের বিষয়। গত ৭৫ বছর ধরে, ভারতের সংবিধান আলোকবর্তিকা হয়ে দাঁড়িয়েছে এবং জনগণকে তাদের পথে পরিচালিত করছে। প্রধানমন্ত্রী অপারেশন সিন্দুরের সাহসী সৈন্যদের অভিবাদন জানিয়ে

বলেন, এই অপারেশন দেশের সশস্ত্র বাহিনীর বীরত্ব এবং নির্ভুলতার এক শক্তিশালী প্রমাণ। শ্রী মোদী বলেন, ভারত এখন সিদ্ধান্ত নিয়েছে, রক্ত এবং জল একসঙ্গে প্রবাহিত হবে না।

প্রধানমন্ত্রী দেশের যুবসমাজের জন্য প্রায় এক লক্ষ কোটি টাকার প্রধানমন্ত্রী বিকশিত ভারত রোজগার যোজনা চালু করার কথা ঘোষণা করেন। প্রধানমন্ত্রী বলেন, এই যোজনার আওতায় তিন কোটি ৫০ লক্ষ যুবকের জন্য নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি করা হবে।

#######Byte-PM-1#######

প্রধানমন্ত্রী ভারতের সংবিধানের জন্য জীবন উৎসর্গকারী ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জির ১২৫তম জন্মবার্ষিকীও উদযাপনের উল্লেখ করে বলেন, তাঁর সরকার এক জাতি, এক সংবিধানের দৃষ্টিভঙ্গি পূরণের জন্য জম্মু ও কাশ্মীর থেকে ৩৭০ ধারা বাতিল করে, তাঁকে সত্যিকারের শ্রদ্ধাঞ্জলি জানিয়েছে।

প্রধানমন্ত্রী বলেন, সরকার এখন ভারতকে একটি আত্মনির্ভর এবং উন্নত জাতি হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কাজ করছে। তিনি বলেন, বিকশিত ভারতের ভিত্তি হল আত্মনির্ভর ভারত।

তিনি তরুণ বিজ্ঞানী, প্রতিভাবান যুবক, প্রকৌশলী, পেশাদার এবং সরকারের প্রতিটি বিভাগের কাছে বিমান বাহিনীর জন্য ভারতে তৈরি যুদ্ধবিমান ইঞ্জিন তৈরির আবেদন জানান।

প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে ভারত একটি মিশন মোডে সেমিকন্ডাক্টর তৈরির কাজ এগিয়ে নিয়েছে। তিনি বলেন, এই বছরের শেষ নাগাদ, মেড ইন ইন্ডিয়া চিপ বাজারে পাওয়া যাবে।

প্রধানমন্ত্রী, জ্বালানি ক্ষেত্রে স্বনির্ভরতা অর্জনের উপর জোর দিয়ে বলেন যে, মাত্র এগারো বছরে সৌরশক্তি উৎপাদন ৩০ গুণ বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন ২০৪৭ সালের মধ্যে, সরকার পারমাণবিক শক্তির ক্ষমতা ১০ গুণেরও বেশি বৃদ্ধি করার সংকল্প নিয়ে এগিয়ে চলেছে।

শ্রী মোদী উল্লেখ করেন যে মহাকাশ ক্ষেত্রে, ভারত গগনযানের জন্য প্রস্তুতি নিচ্ছে এবং দেশের নিজস্ব মহাকাশ স্টেশন তৈরির দিকেও কাজ করছে।

তিনি বলেন, দেশের ৩০০ টিরও বেশি স্টার্টআপ কেবল মহাকাশ ক্ষেত্রেই কাজ করছে এবং হাজার হাজার যুবক এই স্টার্টআপগুলিতে পূর্ণ দক্ষতার সঙ্গে কাজ করছে।

প্রধানমন্ত্রী আরও বলেন যে, গত আট বছরে সরকার জিএসটিতে একটি বড় সংস্কার করেছে এবং পরবর্তী সময়ের জন্য জিএসটি সংস্কার আনছে।

শ্রী মোদী বলেন, প্রতিটি পণ্যের মূলমন্ত্র হওয়া উচিত - কম খরচ এবং অধিক মূল্য। তিনি বলেন যে, দেশের কৃষক, মৎস্যজীবী এবং গবাদি পশুপালকদের স্বার্থের বিরুদ্ধে যে কোনও নীতির সামনে মোদী প্রাচীরের মতো দাঁড়িয়ে আছেন। তিনি দেশের সার্বিক উন্নয়নে নারিসক্তির ভুমিকা তুলে ধরেন।

#######Byte-PM-2#######

প্রধানমন্ত্রী বলেন, শত্রুদের যেকোনো প্রচেষ্টা ব্যর্থ করতে শক্তিশালী অস্ত্র ব্যবস্থা তৈরির জন্য ভারত মিশন সুদর্শন চক্র চালু করবে।

প্রধানমন্ত্রী গত একশ বছর ধরে জাতির সেবায় আরএসএস স্বেচ্ছাসেবকদের নিষ্ঠার প্রতি শ্রদ্ধা জানান।

প্রধানমন্ত্রী বলেন, লক্ষ লক্ষ মানুষের ত্যাগের মাধ্যমে যদি একটি স্বাধীন ভারত অর্জন করা সম্ভব হয়, তাহলে দৃঢ় সংকল্প, কঠোর পরিশ্রম, আত্মনির্ভরতা এবং স্বদেশীর মন্ত্রের মাধ্যমে একটি সমৃদ্ধ ভারতও গড়ে তোলা সম্ভব।

প্রধানমন্ত্রী অনুষ্ঠানে আমন্ত্রিত বিশেষ অতিথি এবং স্কুল শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় করেন। প্রধানমন্ত্রী জাতীয় পতাকা উত্তোলনের সঙ্গে সঙ্গে, ভারতীয় বিমান বাহিনীর দুটি এমআই-১৭ হেলিকপ্টার অনুষ্ঠানস্থলে ফুলের পাপড়ি বর্ষণ করে একটি জাতীয় পতাকা এবং একটি অপারেশন সিন্দুর চিত্রিত পতাকা উত্তোলন করে।

আজ লাল কেল্লায় পৌঁছানোর আগে, প্রধানমন্ত্রী রাজঘাটে যান এবং জাতির জনক মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধা জানান।

*****************************

**Assam Riffles Ground–CM :**

সারা দেশের সঙ্গে আজ রাজ্যেও যথাযথ মর্যাদায় ৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন করা হচ্ছে। রাজ্যে স্বাধীনতা দিবসের মূল অনুষ্ঠানটি হয় আগরতলার আসাম রাইফেলস ময়দানে। সেখানে আজ সকালে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জাতীয় পতাকা উত্তোলন করেন ও সমবেত কুচকাওয়াজ পরিদর্শন করেন। রাজ্যবাসীর উদ্দেশ্যে ভাষনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দূরদর্শী নেতৃত্বে ও কেন্দ্রীয় সরকারের সহায়তায় ত্রিপুরা বিকাশের এক নতুন যুগের দোরগোড়ায় দাঁড়িয়ে আছে। এক সমৃদ্ধ ত্রিপুরা গড়ে তুলতে গত ৭ বছরে রাজ্য সরকার বহু চ্যালেঞ্জ মোকাবিলা করে কেন্দ্রীয় সরকারের সহায়তায় বহু সুযোগের সদ্ব্যবহার করতে পেরেছে। মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরাকে এক উজ্বল ভবিষ্যতের দিকে নিয়ে যেতে রাজ্য সরকার প্রতিটি ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দিয়ে কাজ করছে। এর সফলতাও পাওয়া যাচ্ছে। মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরা উত্তর পূর্বাঞ্চলে প্রবৃদ্ধির দিকে দ্বিতীয় স্থানে উঠে এসেছে। নীতি আয়োগের প্রকাশিত সূচকে ত্রিপুরা অগ্রবর্তী রাজ্যগুলির মধ্যে অন্যতম এক রাজ্য। তিনি বলেন, সরকার রাজ্যে অর্থনৈতিক প্রবৃদ্ধি, গুনগত শিক্ষা, স্বাস্থ্য পরিষেবা, জনজাতিদের বিকাশ, মহিলা ক্ষমতায়ন সামাজিক কল্যান, কর্মসংস্থান সৃষ্টি ও মানব সম্পদ উন্নয়নে নিরলস ভাবে কাজ করছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আহ্বানে হরঘর তিরঙ্গা কর্মসূচীতে রাজ্যে এবারও ব্যপক উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা গেছে। প্রযুক্তি ভিত্তিক আত্মনির্ভর ত্রিপুরা গড়ার উপরও গুরুত্ব দেন মুখ্যমন্ত্রী।

#####Byte–CM#####

নেশার বিরুদ্ধে জিরো টলারেন্স নীতির উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন নেশা দ্রব্য উদ্ধার ও বাজেয়াপ্ত করনে রাজ্য পুলিশ সাফল্য পাচ্ছে। অপারেশন সিন্দুঁরে অংশ গ্রহণ করেন ভারতীয় সেনা বাহিনীকে অভিনন্দন জানান মুখ্যমন্ত্রী।

*****************************

**Independent Day-Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ সকালে সার্কিট হাউসে মহাত্মা গান্ধী মূর্তি প্রাঙ্গনে জাতীয় পতাকা উত্তোলন করেন। রাজ্যপাল এরপর গান্ধীঘাটে গান্ধীবেদীতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান। তিনি লিচুবাগান এ অ্যালবার্ট এক্কা পার্কে শহীদদের প্রতি পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান। রাজ্যপালের সঙ্গে ছিলেন বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ।

সচিবালয় প্রাঙ্গনে জাতীয় পতাকা উত্তোলন করেন বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ। সেখানে তিনি নিরাপত্তা কর্মীদের অভিবাদন গ্রহণ করেন।

ত্রিপুরা হাইকোর্ট প্রাঙ্গনে জাতীয় পতাকা উত্তোলন করেন প্রধান বিচারপতি এমএস রামাচন্দ্র রাও। উপস্থিত ছিলেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি টি অমরনাথ গৌড়, বিচারপতি সব্যসাচী দত্ত পুরকায়স্থ, বিচারপতি বিশ্বজিৎ পালিত প্রমুখ।

এদিকে, রাজ্য আইনসেবা কর্তৃপক্ষে জাতীয় পতাকা উত্তোলন করেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি টি অমরনাথ গৌড়।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Independent Day-ADC :**

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদের উদ্যোগেও আজ যথাযথ মর্যাদায় স্বাধীনতা দিবস উদযাপন করা হয়। মূল অনুষ্ঠানটি হয় খুমুলুং-এর খুম্পুই মাঠে। সেখানে জাতীয় পতাকা উত্তোলন করেন চেয়ারম্যান জগদীশ দেববর্মা। তিনি সি.আর.পি.এফ এবং টি.এস.আর জওয়ানদের অভিবাদন গ্রহণ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্য কার্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া সহ অন্যান্য কার্যনির্বাহী সদস্যগণ।

*************************

**Independent Day-District wise :**

রাজ্যের অন্যান্য জেলাতেও আজ যথাযোগ্য মর্যাদায় স্বাধীনতা দিবস উদযাপিত হয়। ঊনকোটি জেলার মূল অনুষ্ঠানটি হয় কৈলাশহরের কলেজ স্টেডিয়ামে। জাতীয় পতাকা উত্তোলন করেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়। তিনি সমবেত বাহিনীর কুচকাওয়াজ পরিদর্শন ও অভিবাদন গ্রহণ করেন।

সিপাহীজলা জেলাতে মূল অনুষ্ঠানটি হয় চড়িলামের দিনদয়াল উপাধ্যায় মিনি স্টেডিয়ামে। জাতীয় পতাকা উত্তোলন করে কুচকাওয়াজের অভিবাদন গ্রহণ করেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা।

গোমাতি জেলায় মূল অনুষ্ঠানটি হয় স্পোর্টস কমপ্লেক্স মাঠে। জাতীয় পতাকা উত্তোলনের পর কুচকাওয়াজের অভিবাদন গ্রহণ করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়।

বিলোনিয়ার বিদ্যাপীঠ মাঠে দক্ষিন জেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। উপস্থিত ছিলেন বিধায়ক দীপংকর সেন, অশোক কুমার মিত্র, স্বপ্না মজুমদার, দক্ষিন জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত।

ধর্মনগরের বীর বিক্রম ইন্সটিটিউশন মাঠে উত্তর ত্রিপুরা জেলা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী শান্তণা চাকমা। উপস্থিত ছিলেন বিধায়ক বিনয়ভূষণ দাস, যাদব লাল নাথ, উত্তর জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্না নাথ প্রমুখ।

খোয়াই জেলাভিত্তিক মূল অনুষ্ঠানটি হয় বিমানবন্দর মাঠে। জাতীয় পতাকা উত্তোলন করেন বনমন্ত্রী অনিমেষ দেববর্মা। উপস্থিত ছিলেন বিধায়ক নির্মল বিশ্বাস, জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা সিংহ রায় প্রমুখ।

ধলাই জেলার মূল অনুষ্ঠানটি হয় কুলাই দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে। জাতীয় পতাকা উত্তোলনের পর কুচকাওয়াজের অভিবাদন গ্রহণ করেন মৎস্য মন্ত্রী সুধাংশু দাস।

**************************

**Independent Day-Sub-Division wise :**

জিরানীয়া মহকুমাভিত্তিক স্বাধীনতা দিবস উদযাপনের মূল অনুষ্ঠানটি হয় বীরেন্দ্রনগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় মাঠে। সেখানে জাতীয় পতাকা উত্তোলন করেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী।

স্পোর্টিং এসোসিয়েশনের মাঠে সোনামুড়া মহকুমাভিত্তিক স্বাধীনতা দিবস উদযাপন অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মন।

চন্ডিবাড়ি মাঠে অমরপুর মহকুমাভিত্তিক অনুষ্ঠানে বিধায়ক রঞ্জিত দাস এবং করবুক পাঞ্জিহাম স্কুল মাঠে করবুক মহকুমাভিত্তিক অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা।

শান্তিরবাজার মহাবিদ্যালয় মাঠে শান্তিরবাজার মহকুমা প্রশাসন আয়োজিত অনুষ্ঠানে বিধায়ক প্রমোদ রিয়াং এবং সাব্রুম দ্বাদশ স্কুল মাঠে জাতীয় পতাকা উত্তোলন করেন বিধায়ক মাইলাফ্রু মগ।

***************************

**Blood donation-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের মানুষদের মধ্যে দেশত্ববোধের চিন্তা জাগ্রত করেছেন। আজ আগরতলার সংহতি ক্লাব প্রাঙ্গনে স্বাধীনতা দিবস ও ক্লাবের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে আয়োজিত রক্তদান, মরণোত্তর চক্ষু দান, দেহদান, আধার কার্ড ও বিবাহ নিবন্ধিকরণ শিবিরের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন দেশের ও রাজ্যের উন্নয়নে কেন্দ্র ও রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন সমাজ ও দেশ গঠনে ক্লাবগুলিকে যথাযথ ভূমিকা নিতে হবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, কাঠিয়াবাবা আশ্রমের মহারাজ সদানন্দ দাশ মহারাজ প্রমুখ। শিবিরে ১০০ জন রক্তদান, ১২ জন মরণোত্তর চক্ষুদান ও ৮ জন মরণোত্তর দেহ দান করেন।

******************************

**Independent Day-Political Party :**

আগরতলায় বিজেপি প্রদেশ কার্যালয়ে আজ যথাযথ মর্যাদায় স্বাধীনতা দিবস উদযাপন করা হয়। জাতীয় পতাকা উত্তোলন করেন প্রদেশ বিজেপি সভাপতি ও সাংসদ রাজীব ভট্টাচার্য।

আগরতলায় সি.পি.আই.এম রাজ্য দপ্তরে স্বাধীনতা দিবস উদযাপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিরোধী দলনেতা জিতেন চৌধুরী সহ সি.পি.আই.এম-এর অন্যান্য নেতৃবৃন্দ।

আগরতলায় কংগ্রেস ভবনে প্রদেশ কংগ্রেসের উদ্যোগে স্বাধীনতা দিবস উদযাপন করা হয়। স্বাধীনতা সংগ্রামীদের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন বিধায়ক সুদীপ রায় বর্মন, প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা সহ অন্যান্য নেতৃবৃন্দ।

***************************

**PM, Arobindo :**

আজ ঋষি অরবিন্দের জন্মদিন। শ্রী অরবিন্দের জন্মবার্ষিকীতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁকে শ্রদ্ধা জানান। সামাজিক মাধ্যমে শ্রী মোদী বলেছেন, শ্রী অরবিন্দ দেশবাসীকে দেখিয়েছেন যে কীভাবে দর্শন, আধ্যাত্মিকতা এবং জাতিগঠন এক উচ্চতর উদ্দেশ্যের জন্য একত্রিত হয়। প্রধানমন্ত্রী আরও বলেন যে দার্শনিকের চিন্তাভাবনা নাগরিকদের এমন একটি ভারতের জন্য প্রচেষ্টা করতে অনুপ্রাণিত করে যা তার পূর্ণ সম্ভাবনাকে বাস্তবায়িত করে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও শ্রী অরবিন্দের জন্মবার্ষিকীতে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করে বলেছেন, স্বাধীনতা সংগ্রামে তাঁর অটল চেতনা এবং আধ্যাত্মিকতা ও দর্শনে তাঁর গভীর অবদান আগামী প্রজন্মের জন্য জাতিকে অনুপ্রাণিত ও আলোকিত করে তুলবে।

****************************

**Ex army Matabari :**

মাতাবাড়ি ব্লকের কনফারেন্স হলে আয়োজিত এক অনুষ্ঠানে আজ মাতাবাড়ি বিধানসভা এলাকার শতাধিক সৈনিক পরিবারকে সংবর্ধনা প্রদান করা হয়। পাশাপাশি মাতাবাড়ি বিধানসভা এলাকা থেকে সেনাবাহিনীতে কর্মরত এবং অবসরপ্রাপ্ত সৈনিকদেরও সংবর্ধনা দেওয়া হয়। উপস্থিত ছিলেন বিধায়ক অভিষেক দেবরায়, মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শিল্পী দাস।

**************************

**Blood Donation-MP :**

স্বাধীনতা দিবস উপলক্ষ্যে বিজেপি'র উদ্যোগে অমরপুরে আনন্দ ধারা প্রেক্ষাগৃহে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। এই শিবিরে সাংসদ বিপ্লব কুমার দেব সহ মোট ৫১ জন স্বেচ্ছায় রক্তদান করেন। এর আগে সাংসদ শ্রী দেব অমরপুর শান্তিকালী আশ্রম প্রাঙ্গনে জাতীয় পতাকা উত্তোলন করেন।

*************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৫তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

****************************

**Football-Unakoti :**

যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় আজ বিকালে কৈলাশহরের কিনাইরচর মাঠে "সন্তোষ দেবরায় স্মৃতি নক-আউট প্রাইজমানি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করেন। বিশিষ্ট সাংবাদিক প্রয়াত সন্তোষ দেবরায়ের স্মৃতিতে এই টূর্ণামেন্টের আয়োজন। এই টূর্ণামেন্টে ২৪টি দল অংশ নিচ্ছে।

****************************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৬ ডিগ্রি সেলসিয়াস।

**************************